



বাউবি/পরীক্ষা/এইচএসসি/প্রশ্নপত্র প্রণয়ন/১৩৫/৯৯/৩৩৮

তারিখ: ০৭/০২/২০১৮

প্রাপক :

জেলা প্রশাসক

..... ।

বিষয় : বিজি প্রেস থেকে এইচএসসি পরীক্ষা ২০১৮-এর গোপনীয় কাগজপত্র গ্রহণ প্রসঙ্গে ।

জনাব,

আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০১৮ আগামী ০২/০৩/২০১৮ তারিখ হতে দেশব্যাপী সকল পরীক্ষা কেন্দ্রে একযোগে শুরু হবে। পরীক্ষা কেবলমাত্র সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচী ও পরীক্ষা কেন্দ্রের তালিকা এতদসাথে প্রেরণ করা হ'ল। জেলা প্রশাসনের প্রত্যক্ষ সহায়তায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় নকল মুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে বন্ধপরিচর। তাই পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের আইন-শৃঙ্খলা রক্ষাসহ নকলমুক্ত পরীক্ষার পরিবেশ বজায় রাখার লক্ষ্যে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে অন্তত: একজন ম্যাজিস্ট্রেট নিয়োগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

২। আগামী ১৪/০২/২০১৮ তারিখ বুধবার সকাল ৮:৩০ টা থেকে বিরতিহীনভাবে বিকাল ২:০০ টা পর্যন্ত বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা থেকে প্রশ্নপত্র বন্টন করা হবে। পরীক্ষার প্রশ্নপত্র ও গোপনীয় কাগজপত্রের আনুমানিক ..... টি ট্রাক (২'৬"×১'৪"×১' সাইজ) আপনার একজন প্রতিনিধি (ম্যাজিস্ট্রেট/সহকারী কমিশনার মর্যাদার)-এর মাধ্যমে উল্লিখিত সময়ে গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

৩। উল্লিখিত গোপনীয় কাগজপত্রাদি জেলা শহরের কেন্দ্রসমূহের জন্য সংশ্লিষ্ট জেলা ট্রেজারীতে এবং জেলা শহরের বাইরের পরীক্ষা কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট থানায় নিরাপদ হেফাজতে সংরক্ষণ করতে হবে। পরীক্ষা শুরুর কমপক্ষে ১০ (দশ) দিন পূর্বে ট্রেজারী অফিসারের উপস্থিতিতে পরীক্ষা কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং আঞ্চলিক পরিচালক এর একজন প্রতিনিধির সমন্বয়ে গঠিত টিম দ্বারা বর্ষভিত্তিক প্রশ্নপত্র যাচাই করার ব্যবস্থা গ্রহণসহ পরীক্ষার দিনে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষার সময়সূচী অনুযায়ী প্রশ্নপত্র হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।


৪। উল্লেখ্য, আপনার একজন প্রতিনিধি এবং ৬ (ছয়) জন সশস্ত্র পুলিশের যাতায়াত, উপজেলা পর্যন্ত পৌছানোসহ ট্রাক পরিবহনের খরচ বাবদ ..... টাকা নগদ প্রদান করা হবে।

৫। এ ব্যাপারে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদসহ

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়



অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ।

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়।
৩. সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি। বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।
৪. আঞ্চলিক পরিচালক, সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র, বাউবি। বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
৫. একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি।
৬. ট্রেজারী অফিসার, সংশ্লিষ্ট জেলা।
৭. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র, পরীক্ষা আরম্ভের কমপক্ষে ১০ (দশ) দিন পূর্বে প্রশ্নপত্র যাচাই করে পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবিকে প্রতিবেদন পাঠাতে হবে। পরীক্ষার দিন, প্রশ্নপত্র সংগ্রহ করে সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
৮. উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি। বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
৯. সহকারী পরিচালক, প্রো-উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি।
১০. সংরক্ষণ নথি।